

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।  
(আইসিটি শাখা)  
[www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি অক্টোবর, ২০১৯ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শহীদুল হক ভূঞা, এন.ডি.সি  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
সভার তারিখ : ০৫/১১/২০১৯ খ্রিঃ  
সভার সময় : সকাল- ১১:০০ টা  
স্থান : সভাকক্ষ, (৬ষ্ঠ তলা, কক্ষ নং-৬০৫)  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট) ও কমিটির ফোকাল পয়েন্ট-কে অনুরোধ জানান। কমিটির ফোকাল পয়েন্ট আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য অক্টোবর, ২০১৯ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।	<p>● ১.১: বর্তমান অর্থবছরের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অক্টোবর, ২০১৯ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়।</p> <p>● ১.২: [১.৫.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'ক্ষুদ্রঋণ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি',</p> <p>● [১.৫.২] 'ত্রৈমাসিক ভিত্তিতে ক্ষুদ্রঋণ কার্যক্রম মনিটরিংকৃত ও প্রতিবেদন দাখিলকৃত', এর বিষয়ে জানতে চাইলে বিআরডিবি প্রতিনিধি জানান, নির্ধারিত লক্ষ্যমাত্রা ২৪০০ স্থলে ৬৯০ অর্জন যা তুলনামূলক কম বিধায় এ বিষয়ে</p>	<p>● (১) এ মন্ত্রণালয়ের সকল শাখা / অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে ও আওতাধীন দপ্তর / সংস্থাসমূহকে প্রতি মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করবে।</p> <p>● (২) [১.৫.১] নং সূচকে 'ক্ষুদ্রঋণ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি' নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন বৃদ্ধি করার বিষয়ে বিশেষভাবে যত্নবান হতে হবে।</p> <p>● [১.৫.২] নং সূচকে 'ত্রৈমাসিক ভিত্তিতে ক্ষুদ্রঋণ কার্যক্রম মনিটরিংকৃত ও প্রতিবেদন দাখিলকৃত', পরিদর্শন নিমিত্ত ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে এবং নির্ধারিত সময়ে সরেজমিনে পরিদর্শন করত: প্রতিবেদন দাখিল করতে হবে।</p>	<p>১. ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্টা। ২. মহাপরিচালক, জামুকা। ৩. মহাপরিচালক, বিআরডিবি। ৪. সকল শাখা / অধিশাখা, মুবিম ৫. ট্রান্সিট ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর।</p> <p>১. মহাপরিচালক, বিআরডিবি। ২. উপসচিব (বাজেট) মুবিম।</p>

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		<p>মহাপরিচালক, বিআরডিবি'র দৃষ্টি আকর্ষণ করা হয়।</p> <p>• [১.৮.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'জি-টু-পি পদ্ধতিতে সুবিধাপ্রাপ্ত ব্যক্তি', বিষয়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৫০,০০০ এর স্থলে ৬০,০০০ হাজার ভাতাভোগী সুবিধার আওতায় আসবে বিধায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন হবে। এছাড়া উপসচিব (বাজেট) সভায় মোট ২৫টি জেলায় জি-টু-পি পদ্ধতিতে ভাতা নভেম্বর, ২০১৯ এর মধ্যে দেয়া হবে মর্মে জানান।</p>	<p>• [১.৮.১] নং সূচক 'জি-টু-পি পদ্ধতিতে সুবিধাপ্রাপ্ত ব্যক্তি' নির্ধারিত লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়সীমার পূর্বেই অর্জনের পরামর্শ প্রদান করা হয়।</p>	উপসচিব (বাজেট), মুবিম
		<p>• হিসাব শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ এর-</p> <p>• [১.৭.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'নির্ধারিত সময়ে অর্থ বরাদ্দ সমাপ্তকরণ', বিষয়ে উপসচিব (হিসাব) জানান কার্যক্রম চলমান রয়েছে এবং নির্ধারিত সময়সীমার পূর্বেই কার্যক্রম সম্পন্ন হবে।</p>	<p>• (৩) [১.৭.১] নং সূচক 'নির্ধারিত সময়ে অর্থ বরাদ্দ সমাপ্তকরণ' নিমিত্ত সকল জেলা/উপজেলায় পত্র প্রেরণসহ টেলিফোনে মৌখিক ভাবে তাগিদ দিতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।</p>	উপসচিব (হিসাব), মুবিম
		<p>• ইতিহাস সংরক্ষণ ও গবেষণা শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ এর-</p> <p>• [১.৮.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'নির্ধারিত তারিখে স্মৃতিচারণমূলক লেখা সম্বলিত সংকলিত পুস্তক প্রকাশিত', বিষয়ে উপসচিব (ইতিহাস সংরক্ষণ ও গবেষণা) জানান কার্যক্রম চলমান রয়েছে এবং নির্ধারিত সময়সীমার পূর্বেই কার্যক্রম সম্পন্ন হবে।</p>	<p>• (৪) [১.৮.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'নির্ধারিত তারিখে স্মৃতিচারণমূলক লেখা সম্বলিত সংকলিত পুস্তক প্রকাশিত' বিষয়ে কমিটি আগামী ৭ দিনের মধ্যে সভা আহ্বানের মাধ্যমে কার্যক্রম গতিশীল করার নির্দেশনা প্রদান করা হয়।</p>	উপসচিব (ইতিহাস সংরক্ষণ ও গবেষণা), মুবিম
		<p>• প্রশিক্ষণ শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর-</p> <p>• [৪.১.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'নির্ধারিত তারিখের মধ্যে স্থায়ী প্রশিক্ষণ পুল',</p>	<p>• (৫) [৪.১.১] নং সূচক 'নির্ধারিত তারিখের মধ্যে স্থায়ী প্রশিক্ষণ পুল' ১ম সপ্তাহের মধ্যে ৫ সদস্য বিশিষ্ট স্থায়ী প্রশিক্ষণ পুল গঠন করার নির্দেশনা দেয়া হয়।</p>	উপসচিব (প্রশাসন-১), মুবিম